

জেলা

## বর্গমালা উৎসবে শিক্ষার্থীদের প্রাণবন্ত উপস্থিতি

নিজস্ব প্রতিবেদক নোয়াখালী

প্রকাশ: ২২ ফেব্রুয়ারি ২০২৫, ২০: ৩০



বর্গমেলায় শিশুদের তৈরি বর্গ দেখছেন অতিথিরা। আজ সকালে নোয়াখালী মাইজদী বালিকা বিদ্যালয়কেন্দ্রে ছবি: প্রথম আলো।

নোয়াখালীতে অনুষ্ঠিত হয়েছে প্রথম আলো-বন্ধুসভা আয়োজিত বর্গমালা উৎসব ২০২৫। আজ শনিবার সকাল পৌনে ১০টায় শহরের মাইজদী বালিকা বিদ্যালয়কেন্দ্রের মাঠে প্রতিযোগিতার উদ্বোধন করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক আবদুল কাইয়ুম মাসুদ। উৎসব আয়োজনে সহায়তা করে আল-আমিন ডায়াগনস্টিক সেন্টার।

সকালে জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে উৎসবের শুভ সূচনা করা হয়। এ সময় বক্তব্য দেন স্বাগতিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকেয়া সুলতানা। উৎসবে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা ৩০ মিনিটের মেধা যাচাই পরীক্ষা, ১০ মিনিটের চিঠি লেখা প্রতিযোগিতায় অংশ নেয়। এরপর বিদ্যালয়ের মিলনায়তনে শিক্ষার্থীদের নিয়ে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। সেরা প্রশ্নকর্তাদের দেওয়া হয় তাৎক্ষণিক পুরস্কার। প্রশ্নোত্তরের ফাঁকে ফাঁকে খুদে শিক্ষার্থীদের আবৃত্তি, গান ও নাচ পরিবেশন করা হয়।

প্রথম আলো-বন্ধুসভা আয়োজিত বর্ণমালা উৎসবের মেধা যাচাই পর্ব। আজ সকালে নোয়াখালী মাইজদী বালিকা বিদ্যালয়কেতনে ছবি: প্রথম আলো।

প্রশ্নোত্তর পর্বে অতিথি ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান মাসুদুর রহমান, নোয়াখালী জিলা স্কুলের অবসরপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক মাহফুজের রহমান, নোয়াখালী নারী অধিকার জোটের সভাপতি লায়লা পারভীন, চাটখিলের নারায়ণপুর উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জালাল উদ্দিন, প্রভাতি শিশু শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান শিক্ষক লায়লা তারেক, সুবর্ণচরের চর আমানউল্যাহ উচ্চবিদ্যালয়ের শিক্ষক কামাল হোসেন প্রমুখ।

উৎসব চলাকালে বিদ্যালয়ের মূল ভবনের সামনে আয়োজন করা হয় বর্ণ প্রদর্শনী। দুটি ক্যাটাগরিতে তৃতীয় থেকে পঞ্চম এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা মসুরের ডাল, বিভিন্ন বীজসহ নানা উপকরণ দিয়ে তৈরি করে আনে শহীদ মিনারসহ নানা বর্ণের আদল।

দুপুর সাড়ে ১২টায় পুরস্কার বিতরণের মধ্য দিয়ে উৎসব শেষ হয়। সমাপনী পর্বে বিজয়ীদের হাতে পুরস্কার হিসেবে মেডেল, বই ও একটি করে সনদ তুলে দেন অতিথিরা। স্বাগতিক বিদ্যালয়সহ জেলা শহরের ১৭টি বিদ্যালয়ের দুই শতাধিক শিক্ষার্থী এ উৎসবে অংশগ্রহণ করে। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রথম আলো বন্ধুসভার সভাপতি উম্মে ফারহিন ও সাবেক সভাপতি আসিফ আহমেদ। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সাধারণ সম্পাদক মো. শিমুল।

